

ছো

প্রতিনায়কের মতো উঠে এলে মেঘ শালবনে
পুলিশ মাতি খেমে যায়।
দূরে দূরে অসম পুটুশৰোপ, মাটির দেয়াল,
ভাটিকানা, চাঁদট ; আজ হবেকতো ছো ?

কুমারীরা ছাড়িয়েছে চুল, পুষেরা মোষের মতোন
নিচু মুখ, বাদের গন্ধহয়ে বাতাস ঝাপটায়
হারিকেন দুলে ওঠে, বহুৎ নিষেধ আজ
চাঁদ ছেঁড়ে টিলার মুখোশ

কবি নাই, লাশ তবু উঠে দাঁড়িয়েছে।
কবি নাই, মৃত্যু তবু উঠে দাঁড়িয়েছে।
সাপের খোলশ হয়ে আমার মাহাত - বৌ
সীমারেখা পার হয়; বাঁটিগাম শেষ হয়ে আসে

বিজয় সিংহ

